42

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN 16 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ১

## কলকাতা বইমেলা

# বাংলাদেশের ভাবমূর্তি তুলে ধরার বিরল সুযোগ

কলকাতা বই মেলার মাধ্যমে বাংলাদেশের লেখক ও প্রকাশকরা ভারত, বিশেষ করে পশ্চিমবঙ্গে নিজেদেরকে তুলে ধরার এক বিরল সুযোগ পাবেন বলে আশা করা যাচ্ছে। চলতি মাসের শেষের দিকে এই মেলা শুরু হবে। খবর বাসস'র।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৭ জানুয়ারি কলকাতা বইমেলা উদ্বোধন করবেন। পশ্চিমবঙ্গের রাজধানীতে এ বছরের বইমেলায় বাংলাদেশ হচ্ছে মূল থিম কান্ট্রি। ভারতের প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী এবং মেলা কর্তৃপক্ষ এই মেলা উদ্বোধনের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানিয়েছেন।

কলকাতা বইমেলার দীর্ঘ ঐতিহ্য রয়েছে। যতই দিন যাচ্ছে এই মেলার জনপ্রিয়তা ক্রমেই বাড়ছে। এই মেলাকে ইতোমধ্যেই সারা বিশ্বের পুস্তক প্রকাশ ও ব্যবসায়ীদের একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক মিলনস্থান হিসাবে চিহ্নিত করা হয়েছে।

মেলা কর্তৃপক্ষ বাংলাদশ থিম প্যাভিলিয়নের জন্য প্রায় পাঁচ হাজার বর্গফুট এলাকা নির্ধারণ করেছে। এই প্যাভিলিয়ন সাজানোর কাজ চলছে এমন পরিকল্পনায়, যাতে এর মাধ্যমে দেশের ইতিহাস, সংস্কৃতি এবং মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল অধ্যায়ের প্রতিফলন ঘটে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, বাংলাদেশ প্যাভিলিয়নে আলোকচিত্র ও অন্যান্য প্রামাণ্য দলিলসহ বঙ্গবন্ধুর সংগ্রামী ও গৌরবোজ্জ্বল জীবন, তাঁর কর্মকাণ্ড এবং বাংলাদেশের সমসাময়িক জীবন যাত্রা স্থান পাবে।

জানা গেছে, ৩০ জানুয়ারি মেলায় বাংলাদেশ দিবস পালিত হবে। এ ব্যাপারে বিস্তারিত কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কর্মসূচীর মধ্যে রয়েছে সেমিনার, আলোচনাসভা এবং বাংলাদেশের শিল্পী-সাহিত্যিকদের সমাবেশ। এ উপলক্ষে চলচ্চিত্র উৎসবেরও আয়োজন করা হবে।

এদিকে কলকাতা থেকে পাওয়া অপর এক খবরের বরাত দিয়ে বাসস জানায়, বৃহস্পতিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে তৃতীয় 'বাংলাদেশ বুক কর্নার' খোলা হয়েছে।